গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
ইস্কাটন গার্ডেন রমনা, ঢাকা-১০০০
কর্মসংস্থান শাখা-০১
www.probashi.gov.bd

স্মারক নং-৪৯.০০.০০০০.০৪৩.১১.০৬৩.২৪-৬০৮ | তারিখ ঃ ০৯-০৯-২০২৪ খ্রিঃ

বিষয় ঃ কাতারে ৯০ জন কর্মীর নিয়োগানুমতি।

সূত্র: রিক্রুটিং এজেন্সি আর-রাফি ওভারসীজ (আরএল-১৭৯০) কর্তৃক দাখিলকৃত আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ আবেদনের প্রেক্ষিতে রিক্রুটিং এজেন্সি আর-রাফি ওভারসীজ (আরএল-১৭৯০)-কে কাতারের Montira Contracting & Trading Company-তে ০২টি পদে (৩০+৬০) = ৯০ (নব্বই) জন কর্মীর নিয়োগানুমতি নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নির্দেশক্রমে প্রদান করা হলো ঃ-

| কোম্পানীর নাম | সত্যায়ন নং ও তারিখ | পদের নাম | কর্মীর সংখ্যা | মাসিক বেতন . | অন্যান্য সুবিধাদি (চাহিদাপত্র, ক্ষমতাপত্র, চুক্তিপত্র, অঙ্গীকারনামা ও অভিবাসন ব্যয় অনুযায়ী) |
|---|---|---|---|---|---|
| Montira Contracting & Trading Company | ৯৬৫/২৪ তাং- ২৭/০৬/২০২৪ | Welder 6G (GTAW & SMAW) | ৩০ জন | ১৯৮০-২১০০ (কাতারি রিয়াল) | 1. Langnuage: English.<br>2. Sex: Male<br>3. Age: 25-45 Yrs. (Skilled), 20-45 (General)<br>4. Period of Contract-02 Yrs (renewable)<br>5. Working day: Saturday-Thursday.<br>6. Working Hours: 08 hours/day, 26 days/month, 06 days/week;<br>7. Overtime: In accordany with Qatar Labor Law;<br>8. Meals & accommodation: Provided by employer free of charge;<br>9. Transportation: Provided by employer free of charge from accommodation to working place;<br>10. Medical Insurance & Taxes: In accordance with Qatar Labor Law;<br>11. Air Tickets: Returning air ticket from Qatar to Bangladesh after completion of employment contract shall be paid by employer;<br>12. Annual Leave: In accordance with Qatar Labor Law |
| | | Helper | ৬০ জন | ১০০০ (কাতারি রিয়াল) | |

দাখিলকৃত আবেদন ও তালিকায় বর্ণিত (৩০+৬০) = ৯০ জন।

**শর্তাবলীঃ**

(ক) বাংলাদেশ থেকে কাতারে কর্মী প্রেরণের ক্ষেত্রে রিক্রুটিং এজেন্সিকে অবশ্যাই বাংলাদেশ এবং কাতার উভয় দেশের বিধিবদ্ধ আইন, বিধি বিধান অনুসরণ করতে হবে;

(খ) বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন ২০১৩ এর ১৯ (৩) ধারা অনুযায়ী রিক্রুটিং এজেন্সিকে বিএমইটির চলমান ডাটাবেজ থেকে কর্মী নির্বাচন করতে হবে। এক্ষেত্রে বিএমইটি কর্তৃক জারিকৃত Process Flow Chart অনুসরন করতে হবে;

(গ) ডাটাবেজ থেকে কর্মী নেয়ার বিষয়টি মহাপরিচালক, বিএমইটি নিশ্চিত করবেন এবং ডাটাবেজ বহির্ভূত কোনো কর্মীর অনুকূলে ইমিগ্রেশন ক্লিয়ারেন্স প্রদান করবেন না;

(ঘ) প্রত্যেক গ্রুপে বাংলাদেশি কর্মী কাতারে পৌঁছার পর রিক্রুটিং এজেন্সি অত্র মন্ত্রণালয়, বিএমইটি এবং বাংলাদেশ দূতাবাস, কাতারে প্রতিবেদন দাখিল করবে;

(ঙ) বহির্গমন ছাড়পত্রের পূর্বে নির্বাচিত প্রত্যেক কর্মীর সাথে নিয়োগ চুক্তি স্বাক্ষর করতে হবে। বিষয়টি রিক্রুটিং এজেন্সি নিশ্চিত করবে;

(চ) বহির্গমন ছাড়পত্র প্রদানের পূর্বে বিএমইটিতে চাহিদাপত্র/ক্ষমতাপত্র ও দক্ষতা সনদসহ অন্যান্য মূল কাগজপত্র দাখিল করতে হবে। বিএমইটি প্রাসঙ্গিক তথ্যাদি ও কাগজপত্র যাচাইপূর্বক ছাড়পত্র (Emigration Clearance Card বা Smart Card) প্রদান করবে;

(ছ) কর্মী নিয়োগ চুক্তি পত্রের বাংলায় অনুবাদকৃত কপি বিএমইটি কর্তৃক সত্যায়ন করে প্রত্যেক কর্মীকে প্রদান নিশ্চিত করতে হবে;

(জ) কর্মীর ভিসা এবং ফ্লাইট নিশ্চিত হওয়া সাপেক্ষে রিক্রুটিং এজেন্সি কর্তৃক অভিবাসন ব্যয় বাবদ কর্মীর নিকট হতে সর্বোচ্চ ৯২,০০০/- (বিরানব্বই হাজার) টাকা চেক/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে গ্রহণ করতে পারবেন যার প্রমাণপত্র মহাপরিচালক, বিএমইটি বরাবর উপস্থাপন করতে হবে;

(ঝ) চুক্তিপত্রের কোন শর্ত লঙ্ঘন হবে না, অনুমোদিত কর্মীরা উক্ত কোম্পানিতে অবশ্যই চাকুরী পাবেন এবং প্রত্যেক কর্মীকে প্রস্তাবিত বেতন-ভাতা, আবাসন ও অন্যান্য সুযোগ-সুবিধা দেয়া হবে এবং কোন ধরণের অনাকাংক্ষিত ঘটনা ঘটলে সংশ্লিষ্ট রিক্রুটিংএজেন্সিকে কর্মীর থাকা খাওয়ার খরচ ও প্রত্যাবর্তন ব্যয়সহ কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকবে মর্মে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করতে হবে;

(ঞ) কর্মীদের চাকুরির শর্তাবলী কাতারের শ্রম আইনের বিধানের সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে;
(ট) এ নিয়োগ সম্পন্ন করে ১৪ দিনের মধ্যে অত্র মন্ত্রণালয়কে অবহিত করতে হবে;
(ঠ) প্রতি ফ্লাইটে রিক্রুটিং এজেন্সির একজন প্রতিনির্ধি কর্মীদের সাথে কাতার যাবেন অথবা কাতার বিমান বন্দরে কর্মীদের গ্রহণ করার জন্য একজন প্রতিনিধি আবশ্যিকভাবে উপস্থিত থাকবেন;
(ড) নির্দেশনা অনুসারে কর্মীদের স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করতে হবে। কোভিড-১৯ এর বিদ্যমান পরিস্থিতিতে নির্ধারিত সময়সীমা অনুসরন করে যথাযথ প্রক্রিয়ায় কর্মীদের কোভিড টেষ্ট নিশ্চিতকরণ এবং স্বাস্থ্য বিধি সংক্রান্ত আনুষাঙ্গিক নিয়ম কানুন প্রতিপালন করতে হবে;
(ঢ) কর্মীর ফ্লাইট নিশ্চিত হওয়ার পর সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সি কর্তৃক ফ্লাইট সিডিউল ও কর্মীর তালিকা বাংলাদেশ দূতাবাস, কাতার এবং বিএমইটিতে দাখিল করতে হবে;
(ণ) রিক্রুটিং এজেন্সির বিরুদ্ধে কোন অভিযোগ নেই এবং ইতোপূর্বে প্রেরিত কর্মীদের কর্মসংস্থান বিষয়ে নিশ্চিত হয়ে বহির্গমন ছাড়পত্র প্রদান করতে হবে; এবং
(ত) কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগানুমতি বাতিল বা সংশোধন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

স্বা:

(মো: মিজানুর রহমান)
উপসচিব
ফোন ঃ ০২-৪১০৩০২৪১
ই-মেইল: sasemployment1@probashi.gov.bd

মহাপরিচালক
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
৮৯/২ কাকরাইল, ঢাকা-১০০০।

স্মারক নং-৪৯.০০.০০০০.০৪৩.১১.০৬৩.২৪-৬০৮

তারিখ ঃ ০৯-০৯-২০২৪ খ্রিঃ

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে ঃ**

১. সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. কাউন্সেলর (শ্রম), বাংলাদেশ দূতাবাস, দোহা, কাতার।
৩. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. যুগ্মসচিব (কর্মসংস্থান অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৫. সত্ত্বাধিকারী, আর-রাফি ওভারসীজ (আরএল-১৭৯০), ৮৭/পুরানা পল্টন, পল্টন টাওয়ার (৩য় লেভেল), ঢাকা-১০০০।
৬. অফিস কপি।

৫৯/০৯/২০২৪
(মো: মিজানুর রহমান)
উপসচিব